চুয়েট, কুয়েট ও রুয়েট স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ: ২০২০-২১) এর সমন্বিত ভর্তি প্রক্রিয়া

তারিখঃ ২৩/১২/২০২১ ইং

ঃ বিজ্ঞপ্তি ঃ

চুয়েট, কুয়েট ও রুয়েট এর বিভিন্ন বিভাগে স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ: ২০২০-২১) এ ভর্তির জন্য ১৩ নভেম্বর, ২০২১ ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের প্রকাশিত মেধা তালিকা হতে গত ২২/১২/২০২০ ইং তারিখ পর্যন্ত কয়েকটি পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করা হয়েছে। সর্বশেষ ভর্তির পর আসন খালি থাকায় নিম্নোক্ত মেধাক্রমধারী শিক্ষার্থীদের আগামী ২৮/১২/২০২১ ইং তারিখে ভর্তির জন্য নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

বিভাগ ও সংরক্ষিত আসনসমূহ	'ক' গ্রুপ	'খ' গ্রুপ	ভর্তির তারিখ ও সময়সূচী
• স্থাপত্য বিভাগ	-	মেধাক্রম: ৩০১ - ৩৭৫	**২৮/১২/২০২১ ইং, মঙ্গলবার, সকাল ৯:৩০ টা হতে দুপুর ১২:৩০ টা**
• পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠী	মেধাক্রম: ২১	-	

উপরোক্ত ছক অনুযায়ী মেধাক্রমের ভিত্তিতে নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত শিক্ষার্থীদের আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি করা হবে। আসন সংখ্যার চেয়ে বেশি শিক্ষার্থী উপস্থিত হলে উপস্থিত শিক্ষার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী একটি তালিকা সংরক্ষন করা হবে। পরবর্তীতে উক্ত তালিকা হতে আসন খালি হওয়া সাপেক্ষে ভর্তির জন্য শিক্ষার্থীদের পর্যায়ক্রমে ডাকা হবে।

শিক্ষার্থীদের করণীয় ঃ

- উপরোক্ত ছকে **উল্লেখিত মেধাক্রমধারী** শিক্ষার্থীরা "Online Admission Form" এ তাদের প্রদানকৃত তথ্য ও পছন্দক্রম ২৭/১২/২০২১ ইং (সোমবার) সকাল ৯:০০ টার পূর্ব পর্যন্ত প্রয়োজনে পরিবর্তন করতে পারবে এবং উক্ত সময় পর ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের Online Admission Form লক হয়ে যাবে। এরপর অনলাইনে আর কোন তথ্য বা পছন্দক্রম পরিবর্তন করা যাবে না। তবে শুধুমাত্র ভর্তির দিন নিরীক্ষা বোর্ডের সামনে কোন প্রকার ভুল **ত্রুটি** থাকলে সংশোধন করা যাবে।
- ভর্তি কার্যক্রম চুয়েট, কুয়েট এবং রুয়েট কেন্দ্রসমূহে একযোগে অনুষ্ঠিত হবে। শিক্ষার্থী যে কেন্দ্র থেকে ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে উক্ত কেন্দ্রেই উপস্থিত হয়ে ভর্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবে। নিরীক্ষা কমিটি দ্বারা শিক্ষার্থীদের সনদপত্র যাচাইপূর্বক জমাদানের পর স্বাস্থ্য পরীক্ষা করা হবে।
- একই দিন (২৮/১২/২০২১ইং) বিকাল ০৩:০০ টার মধ্যে উক্ত শিক্ষার্থীদের বিভাগ ও বিশ্ববিদ্যালয় বরাদ্দ করে তালিকা প্রকাশ করা হবে। প্রাপ্ত বিভাগ ও বিশ্ববিদ্যালয় দেখে কেবলমাত্র ভর্তি কমিটির অনুমোদনকৃত স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য শিক্ষার্থীদেরকে ভর্তির জন্য নির্ধারিত **১৮,৫০০ টাকা** ফি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্দেশিত ব্যাংকে বিকাল ০৩:০০ টা থেকে ০৫:০০ টার মধ্যে জমা দিতে হবে।

ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রাদি নিরীক্ষা কমিটির নিকট দাখিল করতে হবে ঃ

১. শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এইচ. এস. সি. বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এবং ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
২. মাধ্যমিক বা সমমান পরীক্ষার মূল সনদপত্র।
৩. মাধ্যমিক বা সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্ট এর মূলকপি।
৪. উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্ট এর মূলকপি।
৫. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি।
৬. সংরক্ষিত আসনে ভর্তির জন্য

(ক) ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর বা উপজাতীয় সনদপত্রের মূল কপি, রাখাইন সম্প্রদায় ও ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমান স্বরূপ (১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, (২) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং (৩) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ৩ (তিন) টি মূল সার্টিফিকেট।

(খ) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানের নিকট থেকে বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দার সনদপত্রের মূল কপি। (প্রযোজ্য ক্ষেত্রে)

৭. সদ্য তোলা (অনধিক ৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত ব্যতীত)।

স্বাস্থ্য পরীক্ষা ঃ

শিক্ষার্থী যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে শিক্ষার্থীকে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে Blood Group এবং Chest X-ray টেষ্ট রিপোর্ট উক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ডে দাখিল সাপেক্ষে স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে শিক্ষার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির অনোপযুক্ত বলে গণ্য করা হবে। প্রয়োজনবোধে চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী আরও প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী শিক্ষার্থীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে।

ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী ঃ

- শিক্ষার্থীর মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারণ করা হবে। (যা ভর্তির দিন বিকাল ০৩:০০ টার মধ্যে নোটিশ বোর্ডে দেয়া হবে।)
- ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রাপ্ত বিভাগ ও বিশ্ববিদ্যালয়, মোট শূন্য আসন সংখ্যা এবং পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ৩০/১২/২০২১ ইং তারিখের মধ্যে জানিয়ে দেয়া হবে।
- আসন খালি থাকা সাপেক্ষে ওরিয়েন্টেশনের দিন **পর্যন্ত** ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিল জনিত কারণে কোনো আসন শূন্য হলে শিক্ষার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে অটোমাইগ্রেশন চলবে।
- কোন শিক্ষার্থী অটোমাইগ্রেশন বন্ধ করতে আগ্রহী হলে ভর্তি ফি জমা প্রদানপূর্বক জমা রশিদের কপি ভর্তি কমিটির নিকট জমা দেয়ার সময় নির্ধারিত ফরমে আবেদনপত্রের মাধ্যমে অটোমাইগ্রেশন বন্ধ করতে হবে।
- শিক্ষার্থী যে বিশ্ববিদ্যালয়েই ভর্তি হোক না কেন শিক্ষার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ অটোমাইগ্রেশন সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিভাগ ও বিশ্ববিদ্যালয়েই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোনো শিক্ষার্থীর ভর্তি বাতিল করতে হলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে ওরিয়েন্টেশনের আগের দিন **পর্যন্ত** ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে ভর্তির কাগজপত্রাদি জমা দিয়েছে সেই বিশ্ববিদ্যালয়) হতে ভর্তি বাতিল করতে পারবে। তবে ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে তা স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে।
- অনিবার্য কারণবশতঃ ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে তা সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট https://admissionckruet.ac.bd এর মাধ্যমে প্রচার করা হবে।
- ভর্তি সংক্রান্ত কোন তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭৫৯১২৩১০৩ (চুয়েট), ০১৭৯৯২৭৩৬৫৫ (কুয়েট) এবং ০১৪০১৮৪৫১২৭ (রুয়েট) নম্বরে যোগাযোগ করা যাবে।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ মইনুল ইসলাম)
সভাপতি
কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষা